



## আল মুজাদালাহ

## AlMujadilah

## الْمُجَادِلَةِ

পরম করুণাময় ও অসিম  
দয়ালু আল্লাহর নামে শুরু  
করছি

In the name of Allah,  
Most Gracious, Most  
Merciful.

بِسْمِ اللَّهِ الرَّحْمَنِ الرَّحِيمِ

1. যে নারী তার স্বামীর  
বিষয়ে আপনার সাথে  
বাদানুবাদ করছে এবং  
অভিযোগ পেশ করছে  
আল্লাহর দরবারে, আল্লাহ  
তার কথা শুনেছেন।  
আল্লাহ আপনাদের উভয়ের  
কথাবার্তা শুনেন। নিশ্চয়  
আল্লাহ সবকিছু শুনেন,  
সবকিছু দেখেন।

1. Certainly Allah has  
heard the words of her  
who is pleading with  
you concerning her  
husband and complains  
to Allah. And Allah  
hears the argument  
between you both.  
Indeed, Allah is All  
Hearing, All Seeing.

قَدْ سَمِعَ اللَّهُ قَوْلَ الَّتِي تُجَادِلُكَ فِي  
زَوْجِهَا وَتَشْتَكِي إِلَى اللَّهِ وَاللَّهُ  
يَسْمَعُ تَحَاوُرَكُمَا إِنَّ اللَّهَ سَمِيعٌ  
بَصِيرٌ

2. তোমাদের মধ্যে যারা  
তাদের স্ত্রীগণকে মাতা বলে  
ফেলে, তাদের স্ত্রীগণ তাদের  
মাতা নয়। তাদের মাতা  
কেবল তারাই, যারা  
তাদেরকে জন্মদান করেছে।  
তারা তো অসমীচীন ও  
ভিত্তিহীন কথাই বলে।  
নিশ্চয় আল্লাহ  
মার্জনাকারী, ক্ষমাশীল।

2. Those among you  
who pronounce zihar  
from their wives (put  
them away by saying  
that they are their  
mothers). They are not  
their mothers. Their  
mothers are none  
except those who gave  
them birth. And indeed  
they say an ill word  
and a lie. And indeed  
Allah is All Pardoning,  
All Forgiving.

الَّذِينَ يُظَاهِرُونَ مِنْكُمْ مِمَّنْ  
نَسَاءِهِمْ مَا هُنَّ أُمَّهَاتُهُمْ إِنَّ  
أُمَّهَاتَهُمْ إِلَّا الَّتِي وَلَدْتَهُمْ وَأَهْمُ  
لِيَقُولُونَ مُنْكَرًا مِّنَ الْقَوْلِ  
وَزُورًا وَإِنَّ اللَّهَ لَعَفُوفٌ غَفُورٌ

3. যারা তাদের স্ত্রীগণকে মাতা বলে ফেলে, অতঃপর নিজেদের উক্তি প্রত্যাহার করে, তাদের কাফফারা এই একে অপরকে স্পর্শ করার পূর্বে একটি দাসকে মুক্তি দিবে। এটা তোমাদের জন্যে উপদেশ হবে। আল্লাহ খবর রাখেন তোমরা যা কর।

4. যার এ সামর্থ্য নেই, সে একে অপরকে স্পর্শ করার পূর্বে একাদিক্রমে দুই মাস রোযা রাখবে। যে এতেও অক্ষম হয় সে ষাট জন মিসকীনকে আহাৰ করাবে। এটা এজন্যে, যাতে তোমরা আল্লাহ ও তাঁর রসূলের প্রতি বিশ্বাস স্থাপন কর। এগুলো আল্লাহর নির্ধারিত শাস্তি। আর কাফেরদের জন্যে রয়েছে যন্ত্রণা দায়ক আযাব।

5. যারা আল্লাহর তাঁর রসূলের বিরুদ্ধাচরণ করে, তারা অপদস্থ হয়েছে, যেমন অপদস্থ হয়েছে তাদের পূর্ববর্তীরা। আমি সুস্পষ্ট আয়াতসমূহ নাযিল করেছি। আর কাফেরদের জন্যে রয়েছে অপমানজনক

3. And those who pronounce zihar from their wives, then go back on what they had said, then (they must) free a slave before that they (two) touch each other. That is what you are advised thereby. And Allah is Aware of what you do.

4. Then he who does not find (slave) should fast two successive months before that the two touch each other. And he who is not able (to do this) should feed sixty needy ones. This is so that you may believe in Allah and His Messenger. And those are the limits (set) by Allah. And for the disbelievers there is a painful punishment.

5. Indeed, those who oppose Allah and His Messenger shall be abased as were abased those before them. And We have certainly sent down clear signs. And for the disbelievers there is a disgraceful

وَالَّذِينَ يُظَاهِرُونَ مِنْ نِسَائِهِمْ  
ثُمَّ يَعُودُونَ لِمَا قَالُوا فَتَحْرِيرُ  
رَقَبَةٍ مِنْ قَبْلِ أَنْ يَتَمَاسَا ذَلِكُمْ  
تَوْعْظُونَ بِهِ وَاللَّهُ بِمَا تَعْمَلُونَ  
خَبِيرٌ ﴿٣﴾

فَمَنْ لَمْ يَجِدْ فَصِيَامُ شَهْرَيْنِ  
مُتَتَابِعَيْنِ مِنْ قَبْلِ أَنْ يَتَمَاسَا  
فَمَنْ لَمْ يَسْتَطِعْ فَاطْعَامُ سِتِّينَ  
مِسْكِينًا ذَلِكَ لِتُؤْمِنُوا بِاللَّهِ  
وَرَسُولِهِ وَتِلْكَ حُدُودُ اللَّهِ  
وَاللَّكْفِرِينَ عَذَابٌ أَلِيمٌ ﴿٤﴾

إِنَّ الَّذِينَ يُحَادُّونَ اللَّهَ وَرَسُولَهُ  
كُتِبُوا كَمَا كُتِبَ الَّذِينَ مِنْ  
قَبْلِهِمْ وَقَدْ أَنْزَلْنَا آيَاتٍ بَيِّنَاتٍ وَ  
لِلَّكْفِرِينَ عَذَابٌ مُهِينٌ ﴿٥﴾

শাস্তি।

6. সেদিন স্মরণীয়; যেদিন আল্লাহ তাদের সকলকে পুনরুত্থিত করবেন, অতঃপর তাদেরকে জানিয়ে দিবেন যা তারা করত। আল্লাহ তার হিসাব রেখেছেন, আর তারা তা ভুলে গেছে। আল্লাহর সামনে উপস্থিত আছে সব বস্তুই।

7. আপনি কি ভেবে দেখেননি যে, নভোমন্ডল ও ভূমন্ডলে যা কিছু আছে, আল্লাহ তা জানেন। তিন ব্যক্তির এমন কোন পরামর্শ হয় না যাতে তিনি চতুর্থ না থাকেন এবং পাঁচ জনেরও হয় না, যাতে তিনি ষষ্ঠ না থাকেন তারা এতদপেক্ষা কম হোক বা বেশী হোক তারা যেখানেই থাকুক না কেন তিনি তাদের সাথে আছেন, তারা যা করে, তিনি কেয়ামতের দিন তা তাদেরকে জানিয়ে দিবেন। নিশ্চয় আল্লাহ সর্ববিষয়ে সম্যক জ্ঞাত।

8. আপনি কি ভেবে দেখেননি, যাদেরকে কানাঘুসা করতে নিষেধ করা হয়েছিল অতঃপর

punishment.

6. The Day when Allah will resurrect them all together, then He will inform them of what they did. Allah has kept account of it while they forgot it. And Allah is witness over all things.

7. Have you not seen that Allah knows whatever is in the heavens and whatever is on the earth. There is not any secret conversation of three, but He is the fourth of them, nor of five but He is the sixth of them, nor of less than that, nor more except He is with them wherever they may be. Then He will inform them of what they did on the Day of Resurrection. Indeed, Allah is Knower of all things.

8. Have you not seen those who were forbidden from secret conversation, then they

يَوْمَ يَبْعَثُهُمُ اللَّهُ جَمِيعًا فَيُنَبِّئُهُمُ  
بِمَا عَمِلُوا أَحْصَاهُ اللَّهُ وَنَسُوهُ  
وَاللَّهُ عَلَىٰ كُلِّ شَيْءٍ شَهِيدٌ ﴿٦﴾

أَلَمْ تَرَ أَنَّ اللَّهَ يَعْلَمُ مَا فِي  
السَّمَوَاتِ وَمَا فِي الْأَرْضِ مَا  
يَكُونُ مِنْ نَجْوَى ثَلَاثَةٍ إِلَّا هُوَ  
رَابِعُهُمْ وَلَا خَمْسَةٍ إِلَّا هُوَ  
سَادِسُهُمْ وَلَا آدُنِي مِنْ ذَلِكَ وَلَا  
أَكْثَرَ إِلَّا هُوَ مَعَهُمْ أَيْنَ مَا كَانُوا  
ثُمَّ يُنَبِّئُهُمْ بِمَا عَمِلُوا يَوْمَ  
الْقِيَامَةِ إِنَّ اللَّهَ بِكُلِّ شَيْءٍ  
عَلِيمٌ ﴿٧﴾

أَلَمْ تَرَ إِلَى الَّذِينَ هُمْؤَا عَنِ  
النَّجْوَى ثُمَّ يَعُودُونَ لِمَا هُمْؤَا عَنْهُ



তারা নিষিদ্ধ কাজেরই পুনরাবৃত্তি করে এবং পাপাচার, সীমালংঘন এবং রসূলের অবাধ্যতার বিষয়েই কানাঘুসা করে। তারা যখন আপনার কাছে আসে, তখন আপনাকে এমন ভাষায় সালাম করে, যদ্বারা আল্লাহ আপনাকে সালাম করেননি। তারা মনে মনে বলে: আমরা যা বলি, তজ্জন্যে আল্লাহ আমাদেরকে শাস্তি দেন না কেন? জাহান্নামই তাদের জন্যে যথেষ্ট। তারা তাতে প্রবেশ করবে। কতই না নিকৃষ্ট সেই জায়গা।

returned to that which they had been forbidden. And they converse secretly of sin and transgression and disobedience to the Messenger. And when they come to you, they greet you with that (word) by which Allah has not greeted you, and they say to themselves: "Why does Allah not punish us for what we say." Hell is sufficient for them, they will (enter to) burn therein. So evil is that destination.

وَيَتَنَجَّوْنَ بِالْأَثْمِ وَالْعُدْوَانِ  
وَمَعْصِيَةِ الرَّسُولِ وَإِذَا  
جَاءُوكَ حَيَّوْكَ بِمَا لَمْ يُحَيِّكَ بِهِ  
اللَّهُ وَيَقُولُونَ فِيْ أَنْفُسِهِمْ لَوْلَا  
يُعَذِّبُنَا اللَّهُ بِمَا نَقُولُ حَسْبُهُمْ  
جَهَنَّمُ يَصَلُّوْنَهَا فَبِئْسَ  
الْمَصِيرُ ﴿٨﴾

9. মুমিনগণ, তোমরা যখন কানাকানি কর, তখন পাপাচার, সীমালংঘন ও রসূলের অবাধ্যতার বিষয়ে কানাকানি করো না বরং অনুগ্রহ ও খোদাভীতির ব্যাপারে কানাকানি করো। আল্লাহকে ভয় কর, যাঁর কাছে তোমরা একত্রিত হবে।

9. O you who believe, when you converse secretly, then do not converse about sin and transgression and disobedience to the Messenger, but converse of righteousness and piety. And fear Allah, Him unto whom you shall be gathered.

يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا إِذَا تَنَاجَيْتُمْ  
فَلَا تَتَنَاجَوْا بِالْأَثْمِ وَالْعُدْوَانِ  
وَمَعْصِيَةِ الرَّسُولِ وَتَنَاجَوْا  
بِالْبِرِّ وَالتَّقْوَى وَاتَّقُوا اللَّهَ الَّذِي  
إِلَيْهِ تُحْشَرُونَ ﴿٩﴾

10. এই কানাঘুসা তো শয়তানের কাজ; মুমিনদেরকে দুঃখ দেয়ার

10. Secret conversation is only from Satan, that he may cause

إِمَّا النَّجْوَى مِنَ الشَّيْطَانِ  
لِيَحْزَنَ الَّذِينَ آمَنُوا وَلَيْسَ

দেয়ার জন্যে। তবে আল্লাহর অনুমতি ব্যতীত সে তাদের কোন ক্ষতি করতে পারবে না। মুমিনদের উচিত আল্লাহর উপর ভরসা করা।

grief to those who believe, and he cannot harm them at all except by permission of Allah. And in Allah let the believers put their trust.

بِضَايَرِهِمْ شَيْئًا إِلَّا بِإِذْنِ اللَّهِ  
وَعَلَى اللَّهِ فَلْيَتَوَكَّلِ الْمُؤْمِنُونَ ﴿١١﴾

11. মুমিনগণ, যখন তোমাদেরকে বলা হয়: মজলিসে স্থান প্রশস্ত করে দাও, তখন তোমরা স্থান প্রশস্ত করে দিও। আল্লাহর জন্যে তোমাদের জন্য প্রশস্ত করে দিবেন। যখন বলা হয়: উঠে যাও, তখন উঠে যেয়ো। তোমাদের মধ্যে যারা ঈমানদার এবং যারা জ্ঞানপ্রাপ্ত, আল্লাহ তাদের মর্যাদা উচ্চ করে দিবেন। আল্লাহ খবর রাখেন যা কিছু তোমরা কর।

11. O you who believe, when it is said to you, make room in the assemblies, then make room. Allah will make room for you. And when it is said, come up higher, then go up higher. Allah will exalt those who believe among you, and those who have been granted knowledge, in ranks. And Allah is Aware of what you do.

يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا إِذَا قِيلَ لَكُمْ تَفَسَّحُوا فِي الْمَجَالِسِ فَافْسَحُوا يَفْسَحِ اللَّهُ لَكُمْ وَإِذَا قِيلَ انشُرُوا فَانشُرُوا يَرْفَعِ اللَّهُ الَّذِينَ آمَنُوا مِنْكُمْ وَالَّذِينَ أُوتُوا الْعِلْمَ دَرَجَاتٍ وَاللَّهُ بِمَا تَعْمَلُونَ خَبِيرٌ ﴿١١﴾

12. মুমিনগণ, তোমরা রসূলের কাছে কানকথা বলতে চাইলে তৎপূর্বে সদকা প্রদান করবে। এটা তোমাদের জন্যে শ্রেয়: ও পবিত্র হওয়ার ভাল উপায়। যদি তাতে সক্ষম না হও, তবে আল্লাহ ক্ষমাশীল, পরম দয়ালু।

12. O you who believe, when you consult the Messenger in private, then present before your consultation some charity. That is better for you and purer. But if you do not find (the means for it), then indeed, Allah is All Forgiving, All Merciful.

يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا إِذَا تَاجَيْتُمُ الرَّسُولَ فَقَدِّمُوا بَيْنَ يَدَيْ نَجْوَاكُمْ صَدَقَةٌ ذَلِكَ خَيْرٌ لَكُمْ وَأَطْهَرُ فَإِنْ لَمْ تَجِدُوا فَإِنَّ اللَّهَ غَفُورٌ رَحِيمٌ ﴿١٢﴾

13. তোমরা কি কানকথা বলার পূর্বে সদকা প্রদান করতে ভীত হয়ে গেলে? অতঃপর তোমরা যখন সদকা দিতে পারলে না এবং আল্লাহ তোমাদেরকে মাফ করে দিলেন তখন তোমরা নামায কামেম কর, যাকাত প্রদান কর এবং আল্লাহ ও রসূলের আনুগত্য কর। আল্লাহ খবর রাখেন তোমরা যা কর।

13. Are you afraid that you will have to present, before your consultation in private, charities. Then when you do not do (so), and Allah has forgiven you, then establish prayer and give poor due and obey Allah and His Messenger. And Allah is Aware of what you do.

ءَأَشْفَقْتُمْ أَنْ تُقَدِّمُوا بَيْنَ يَدَيْ  
نَجْوَاكُمْ صَدَقْتُمْ فَأِذْ لَمْ تَفْعَلُوا  
وَتَابَ اللَّهُ عَلَيْكُمْ فَأَقِيمُوا  
الصَّلَاةَ وَآتُوا الزَّكَاةَ وَاطِيعُوا  
اللَّهَ وَرَسُولَهُ وَاللَّهُ خَبِيرٌ بِمَا  
تَعْمَلُونَ ﴿١٣﴾

14. আপনি কি তাদের প্রতি লক্ষ্য করেননি, যারা আল্লাহর গমবে নিপতিত সম্প্রদায়ের সাথে বন্ধুত্ব করে? তারা মুসলমানদের দলভুক্ত নয় এবং তাদেরও দলভুক্ত নয়। তারা জেনেশুনে মিথ্যা বিষয়ে শপথ করে।

14. Have you not seen of those who have taken as friends a people with whom Allah has become angry. Neither they are of you nor of them, and they swear to a false oath and they know.

أَلَمْ تَرَ إِلَى الَّذِينَ تَوَلَّوْا قَوْمًا  
غَضِبَ اللَّهُ عَلَيْهِمْ مَّا هُمْ مِنْكُمْ  
وَلَا مِنْهُمْ وَيَجْلِفُونَ عَلَى الْكُذِبِ  
وَهُمْ يَعْلَمُونَ ﴿١٤﴾

15. আল্লাহ তাদের জন্যে কঠোর শাস্তি প্রস্তুত রেখেছেন। নিশ্চয় তারা যা করে, খুবই মন্দ।

15. Allah has prepared for them a severe punishment. Indeed, evil is that which they are doing.

أَعَدَّ اللَّهُ لَهُمْ عَذَابًا شَدِيدًا إِنَّهُمْ  
سَاءَ مَا كَانُوا يَعْمَلُونَ ﴿١٥﴾

16. তারা তাদের শপথকে ঢাল করে রেখেছেন, অতঃপর তারা আল্লাহর পথ থেকে মানুষকে বাধা প্রদান করে। অতএব, তাদের জন্য রয়েছে অপমানজনক শাস্তি।

16. They have taken their oaths as a covering, and they hinder (people) from the path of Allah. So for them is a disgraceful punishment.

اتَّخَذُوا أَيْمَانَهُمْ جُنَّةً فَصَدُّوا عَنِ  
سَبِيلِ اللَّهِ فَلَهِمْ عَذَابٌ مُهِينٌ  
﴿١٦﴾



17. আল্লাহর কবল থেকে তাদের ধন-সম্পদ ও সন্তান-সন্ততি তাদেরকে মোটেই বাঁচাতে পারবেনা। তাই জাহান্নামের অধিবাসী তথায় তারা চিরকাল থাকবে।

17. Never will avail them their wealth, nor their children anything against Allah. Those are the dwellers of the Fire, They will abide therein.

لَنْ تُغْنِيَ عَنْهُمْ أَمْوَالُهُمْ وَلَا  
أَوْلَادُهُمْ مِّنَ اللَّهِ شَيْئًا أُولَٰئِكَ  
أَصْحَابُ النَّارِ هُمْ فِيهَا  
خَالِدُونَ ﴿٧﴾

18. যেদিন আল্লাহ তাদের সকলকে পুনরুত্থিত করবেন। অতঃপর তারা আল্লাহর সামনে শপথ করবে, যেমন তোমাদের সামনে শপথ করে। তারা মনে করবে যে, তারা কিছু সংপথে আছে। সাবধান, তাই তো আসল মিথ্যাবাদী।

18. The Day when Allah will resurrect them all together, then they shall swear to Him as they swear to you, and they think that they have something (to stand upon). Is it not indeed they who are the liars.

يَوْمَ يَبْعَثُهُمُ اللَّهُ جَمِيعًا  
فَيَحْلِفُونَ لَهُ كَمَا يَحْلِفُونَ لَكُمْ  
وَيَحْسَبُونَ أَنَّهُمْ عَلَىٰ شَيْءٍ آلَا  
إِنَّهُمْ هُمُ الْكَاذِبُونَ ﴿٨﴾

19. শয়তান তাদেরকে বশীভূত করে নিয়েছে, অতঃপর আল্লাহর স্মরণ ভুলিয়ে দিয়েছে। তাই শয়তানের দল। সাবধান, শয়তানের দলই ক্ষতিগ্রস্ত।

19. Satan has overcome them and has caused them forget Allah's remembrance. Such are the party of Satan. Is it not indeed the party of Satan who are the losers.

اسْتَحْوَذَ عَلَيْهِمُ الشَّيْطَانُ  
فَأَنسَاهُمْ ذِكْرَ اللَّهِ أُولَٰئِكَ  
حِزْبُ الشَّيْطَانِ آلَا إِنَّ حِزْبَ  
الشَّيْطَانِ هُمُ الْخٰسِرُونَ ﴿٩﴾

20. নিশ্চয় যারা আল্লাহ ও তাঁর রসূলের বিরুদ্ধাচারণ করে, তাই লাঞ্চিতদের দলভুক্ত।

20. Indeed, those who oppose Allah and His Messenger, such will be among those most humiliated.

إِنَّ الَّذِينَ يُحَادُّونَ اللَّهَ وَرَسُولَهُ  
أُولَٰئِكَ فِي الْأَذَلِّينَ ﴿١٠﴾

21. আল্লাহ লিখে দিয়েছেন: আমি এবং

21. Allah has decreed: "I and My Messengers

كَتَبَ اللَّهُ لَأَغْلِبَنَّ أَنَا وَرُسُلِي إِنَّ

আমার রসূলগণ অবশ্যই বিজয়ী হব। নিশ্চয় আল্লাহ শক্তিধর, পরাক্রমশালী।

22. যারা আল্লাহ ও পরকালে বিশ্বাস করে, তাদেরকে আপনি আল্লাহ ও তাঁর রসূলের বিরুদ্ধাচরণকারীদের সাথে বন্ধুত্ব করতে দেখবেন না, যদিও তারা তাদের পিতা, পুত্র, ভ্রাতা অথবা জ্ঞাতি-গোষ্ঠী হয়। তাদের অন্তরে আল্লাহ ঈমান লিখে দিয়েছেন এবং তাদেরকে শক্তিশালী করেছেন তাঁর অদৃশ্য শক্তি দ্বারা। তিনি তাদেরকে জান্নাতে দাখিল করবেন, যার তলদেশে নদী প্রবাহিত। তারা তথায় চিরকাল থাকবে। আল্লাহ তাদের প্রতি সন্তুষ্ট এবং তারা আল্লাহর প্রতি সন্তুষ্ট। তাবাই আল্লাহর দল। জেনে রাখ, আল্লাহর দলই সফলকাম হবে।

shall most certainly prevail.” Indeed, Allah is All Powerful, All Mighty.

22. You will not find a people who believe in Allah and the Last Day loving those who oppose Allah and His Messenger, even if they were their fathers, or their sons, or their brothers, or their kindred. Those, He has decreed in their hearts faith, and has supported them with a spirit from Himself. And He will admit them to the Gardens underneath which rivers flow, to abide therein. Allah is pleased with them and they are pleased with Him. Those are the party of Allah. Is it not indeed the party of Allah who are the successful.

اللَّهُ قَوِيٌّ عَزِيزٌ

لَا تَجِدُ قَوْمًا يُؤْمِنُونَ بِاللَّهِ وَالْيَوْمِ  
الْآخِرِ يُوَادُّونَ مَنْ حَادَّ اللَّهَ  
وَرَسُولَهُ وَلَوْ كَانُوا آبَاءَهُمْ أَوْ  
أَبْنَاءَهُمْ أَوْ إِخْوَانَهُمْ أَوْ  
عَشِيرَتَهُمْ أُولَئِكَ كَتَبَ فِي  
قُلُوبِهِمُ الْإِيمَانَ وَأَيَّدَهُم بِرُوحٍ  
مِّنْهُ وَيُدْخِلُهُمْ جَنَّاتٍ تَجْرِي مِنْ  
تَحْتِهَا الْأَنْهَارُ خَالِدِينَ فِيهَا رَضِيَ  
اللَّهُ عَنْهُمْ وَرَضُوا عَنْهُ أُولَئِكَ  
حِزْبُ اللَّهِ أَلَا إِنَّ حِزْبَ اللَّهِ  
هُمُ الْمُفْلِحُونَ

